সাংবাদিকদের সাথে খাগড়াছড়ি পৌর প্রশাসনের মতবিনিময় সভা

খাগড়াছড়ি- সাংবাদিকদের সাথে খাগড়াছড়ি পৌর প্রশাসনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার(৫ সেপ্টেম্বর) সকাল ১১টায় পৌর সম্মেলন কক্ষে নব-নিযুক্ত পৌর প্রশাসক নাজমুন আরা সুলতানা সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেন।
স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নিয়োগ প্রাপ্ত পৌরসভার মেয়র নির্মলেন্দু চৌধুরীকে অপসারণ করে খাগড়াছড়ির অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুন আরা সুলতানাকে পৌর প্রশাসক নিয়োগ করা হয়েছে। মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, জেলার বিভিন্ন মিডিয়ায় কর্মরত গণমাধ্যমকর্মী। পৌর শহরের বিভিন্ন সমসাময়িক সমস্যা নিয়ে সাংবাদিকরা আলোচনা করেন।
এসময় দায়িত্বপ্রাপ্ত পৌর প্রশাসক নাজমুন আরা সুলতানা বলেন, সরকারের মুল উদ্দেশ্য স্থানীয় সরকার ব্যবস্থাপনা সংস্কার করে জনমুখী ও কল্যাণকর করা।
শহরের লাইসেন্সবিহীন টমটম চালকদের লাইসেন্স এর আওতায় আনা, অনুমোদনহীন বহুতল ভবন নির্মাণকারীদের বিরুদ্ধে ব্যাবস্থা গ্রহণ, বন্যার কবল হতে রেহাই পেতে রাস্তাঘাট, নদী-খাল ও ড্রেনেজ ব্যবস্থা সংস্কারে প্রতি গুরুত্ব দেওয়া, শহরের প্রবেশ পথে ময়লাটিলার ময়লার ভাগাড় স্থান্তরিতের কার্যকরী পদক্ষেপ, বাজারের দুপাশে দোকানীরা যত্রতত্র নানাবিধ পসরা সাজিয়ে বসে যানজটের সৃষ্টি করাসহ পৌর শহরকে যানজটমুক্ত ও নিরাপদ শহরে রুপান্তররিত করতে আমরা বদ্ধপরিকর।
এজন্য আপনাদের সকলের সহযোগিতা প্রয়োজন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।